দৈনিক
ইত্তেফাক

তারিখ 2 5 AUG 2018
পৃষ্ঠা ... কলাম ...



সুজানগর (পাবনা): ঘূর্ণিঝড়ে বিধ্বস্ত বামুন্দি উচ্চ বিদ্যালয় —ইত্তেফাক

# ঘূর্ণিঝড়ে বামুন্দি উচ্চ বিদ্যালয় লণ্ডভণ্ড, শিক্ষা কার্যক্রম ব্যাহত

■ সুজানগর (পাবনা) সংবাদদাতা

প্রচণ্ড ঘূর্ণিঝড়ে পাবনার সুজানগরের বামুন্দি উচ্চ বিদ্যালয়ের সবক'টি ঘর ভেঙে লণ্ডভণ্ড হয়ে যাওয়ায় ক্লাস বন্ধ হয়ে গেছে। এতে শিক্ষার্থীদের লেখাপড়া বিঘ্নিত হচ্ছে। বিদ্যালয়ের প্রধান শিক্ষক আতাউর রহমান জানান, ১৯৯৮ সালে প্রতিষ্ঠিত বিদ্যালয়টিতে অদ্যাবধি কোনো পাকা ভবন নির্মিত হয়নি। প্রতিষ্ঠা লগ্নে নির্মিত তিনটি ভিটা পাকা করা টিনের ঘরে বিদ্যালয়ের পাঁচ শতাধিক শিক্ষার্থীদের পাঠদানের পাশাপাশি বিদ্যালয়ের অফিসিয়াল কার্যক্রম পরিচালিত হয়ে আসছিল। রবিবার বিকালের প্রচণ্ড ঘূর্ণিঝড়ে ওই তিনটি ঘর সম্পূর্ণ ভেঙে লণ্ডভণ্ড হয়ে যায়।

শিক্ষার্থীরা বিদ্যালয়ে আসলেও বিকল্প কোনো শ্রেণিকক্ষ না থাকায় ক্লাস নেওয়া সম্ভব হচ্ছে না। এতে তাদের পাঠদান ব্যাহত হচ্ছে। পাশাপাশি বিদ্যালয়ে ঘর না থাকায় প্রধান শিক্ষকসহ অন্য শিক্ষক কর্মচারীদেরও দুর্ভোগ পোহাতে হচ্ছে। বর্তমানে বিদ্যালয়ের অফিসিয়াল কিছু কার্যক্রম পার্শ্ববর্তী বামুন্দি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের একটি কক্ষ থেকে পরিচালিত হলেও অন্যান্য কার্যক্রম বিঘ্নিত হচ্ছে।

এ ব্যাপারে উপজেলা নির্বাহী অফিসার সাখাওয়াত হোসেন বলেন, বামুন্দি উচ্চ বিদ্যালয়ের ঘর নির্মাণের জন্য উপজেলা প্রশাসনের পক্ষ থেকে টিন বরাদ্দের উদ্যোগ নেওয়া হয়েছে। খুব শীঘ্রই প্রয়োজনীয় টিন বরাদ্দ দিয়ে ঘর নির্মাণ করে পাঠদানের ব্যবস্থা করা হবে।